দামুড়হুদা হাউলী ইউনিয়নে ঈগল মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের (ঈগল মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঈগল মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংসদপত্র পরিষদের মহাসচিব (বিএসপি) নূর হাকিম।

এসময় নূর হাকিম বলেন, নির্বাচনে সকল ক্ষমতা জনগণের হাতে থাকে। তাই আপনারা যদি আমার ঈগল মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি চুয়াডাঙ্গা ২ আসন অর্থাৎ দামুড়হুদা উপজেলা, জীবননগর উপজেলা ও গড়াইটুপি ইউনিয়ন, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়ন, নেহালপুর ইউনিয়নকে আমি ডিজিটাল করে দেবো। এখানকার সমস্ত জনগণের জন্য আমি নিজ উদ্যোগে ইন্টারনেটের আওতায় আনবো এবং সকলে ফ্রী ওয়াইফাই ব্যাবহার করবে। দেশ যখন ডিজিটাল তখন সেবাও হবে ডিজিটাল। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সমস্তরকমের সুযোগ সুবিধার পাশাপাশি চুয়াডাঙ্গা ২ আসনকে উন্নয়নের রোল মডেলে পরিনত করবো। গ্রামাঞ্চলের রাস্তা ঘাট ব্রীজ কার্লভাট সব কিছু জনগণের উন্নয়নে কাজ করা হবে। আপনারা কেউ ভোট নিয়ে হানাহানি করবেননা। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী সহ আইনশৃঙ্খলা বাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ঈগল মার্কায় ভোট দেওয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের ঈগল মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা সহ

নির্বাচনী কমিটির সদস্য বৃন্দ, স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

জীবননগরে বিজিবির অভিযানে ৫ কোটি টাকার সোনার বারসহ আটক ২

জীবননগরে প্রায় ৫ কোটি টাকার স্বর্ণসহ দুই চোরাকারবারিকে আটক করেছে বিজিবি। আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে জীবননগর উপজেলার উথলী থেকে ৫ কেজি ১৯৭ দশমিক ৯৭ গ্রাম ২৩টি স্বর্ণের বারসহ তাদের আকট করা হয়।

আটক দুজন চোরাকারাবারী হলেন- দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত মুনসুর বিশ্বাসের ছেলে মো. পিণ্টু বিশ্বাস
(৫০) ও একই উপজেলার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মোঃ আশাদুল হকের ছেলে মো. পিয়াস হোসেন (২১)।

আজ মঙ্গলবার বিকেল সাড়ে চারটার দিকে বিষয়টি নিশ্চিত করেন মহেশপুর-৫৮ বিজিবির পরিচালক মাসুদ পারভেজ রানা।

বিজিবি জানায়, আজ মঙ্গলবার মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারে, জীবননগর-চুয়াডাঙ্গা মহাসড়ক ব্যবহার করে জীবননগর সীমান্ত দিয়ে স্বর্ণ পাচার হবে, এমন তথ্যের পরিপ্রেক্ষিত ৫৮ বিজিবির অধিনায়ক মাসুদ পারভেজ রানার নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল উথলী বিওপির পাশে অভিযান পরিচালনা করে।

দুপুর ১২টার দিকে একটি ইজিবাইক উথলী থেকে জীবননগর সীমান্তের দিকে যেতে দেখে তাদের সন্দেহ হয়। এসময় তারা ইজিবাইকটি তল্লাশি করে ৫ কেজি ১৯৭.৯৭ গ্রাম ওজনের ২৩টি স্বর্ণের বার জব্দ করে। যার আনুমানিক বাজার মূল্য ৪ কোটি ৯০ লাখ ৮৭ হাজার ৫২০ টাকা। এসময়

আটক করা হয় মো. পিণ্টু বিশ্বাস ও মো. পিয়াস হোসেনকে।

বিজিবি আরও জানায়, স্বর্ণের বারগুলো শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের জন্য পরিবহন করা হচ্ছিল। আটক দুজনের বিরুদ্ধে জীবননগর থানায় মামলা করা হয়েছে। এবং স্বর্ণের বার চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।##

আলমডাঙ্গায় ঈগল প্রতীকের প্রার্থীর বাড়িতে হামলার ঘটনায় গ্রেপ্তার ১

আলমডাঙ্গার হাটবোয়ালিয়ায় স্বতন্ত্র ঈগল প্রতীকের প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার এক কর্মীর বাড়িতে হামলার ঘটনায় রতন আলী
(৩২) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ সোমবার সকাল ১১ টার দিকে হাটবোয়ালিয়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত রতন আলী উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের হাটুভাঙা গ্রামের বাবলুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ঈগল প্রতীকের পক্ষে কাজ করেন আমীর আলী তার ছেলে লিটন আলী। গত রবিবার রাতে আওয়ামীলীগের নৌকা প্রতিক প্রার্থীর কর্মীরা ১৫-২০ মোটরসাইকেল শো-ডাউন নিয়ে মিছিল করেন। ওই মিছিলে থাকা লোকজন লিটনের বাড়িতে অতর্কিত ভাবে হামলা চালায়। এতে বাড়ির বিভিন্ন জায়গায় হামলা চালালেও বাড়িতে থাকা আলমসাধু গাড়ি ভেঙে ক্ষয়ক্ষতি করেন। ওই ঘটনায় এলাকাজুড়ে থমথমে বিরাজ করে। রবিবার রাতেই লিটন আলী বাদি হয়ে জিনারুল বিশ্বাসসহ ১৬ জনের নাম উল্লেখ করে ৮০-৯০ জনের বিরুদ্ধে মামলা করেন। ওই মামলায় গতকাল সোমবার সকাল ১১ টার রতন আলী নামে নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া জানান, লিটন আলী নামের এক যুবক বাদি হয়ে ১৬ জনের নাম উল্লেখ করে মামলা করেছে।

এজাহারীয় আসামী রতন আলী নামের নৌকার এক কর্মীকে গ্রেপ্তার করে চুয়াডাঙ্গা আদালতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় নৌকার প্রার্থীর ছেলুনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকের মধ্যে হামলা এবং আওয়ামী লীগ নেতা গ্রেফতারের ঘটনায় সংবাদ সম্মেলন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

আজ সোমবার বেলা সাড়ে ১১টায় জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে এ সম্মেলনের আয়োজন করা হয়।

এতে লিখ্তি বক্তব্যে নৌকার প্রার্থী ও বর্তমান সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, কয়েকদিন ধরে চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ও পদ্মবিলা ইউনিয়ন এলাকায় একজন স্বতন্ত্র প্রার্থীর কর্মীরা নৌকা মার্কার প্রার্থীর বিরুদ্ধে সরাসরি নৌকার প্রার্থীর নামে ব্যক্তিগতভাবে গালাগালী করে উত্তেজনা ছড়াচ্ছিলেন। এ ঘটনায় সরোজগঞ্জ পুলিশ ক্যাম্পের ইনচার্জ হারুন-অর-রশিদ তাদের সাথে যুক্ত হয়ে নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করছেন।

গত ২৩ ডিসেম্বরের রাতে ভান্ডারদহ গ্রামে নৌকার পক্ষে মিছিল বের হলে মিছিলের পিছন থেকে ঈগল মার্কা স্বতন্ত্র প্রার্থীর উপস্থিতিতে তার সমর্থকেরা গালাগালী করতে থাকে। একপর্যায়ে তাদের কর্মিরা অতর্কিত হামলা করে।

স্থানীয় প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে নৌকার প্রার্থী আরও বলেন, সেখানে পুলিশ পৌঁছালে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান আলী আহম্মেদ হাসানুজ্জামান মানিকসহ ৫ জনকে আটক করা হয়। পরে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে একজনকে বাদী সাজিয়ে মামলা করা হয়।

সংবাদ সম্মেলনে সরোজগঞ্জ পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই হারুন-অর-রশিদকে অবিলম্বে প্রত্যাহার এবং বিশৃঙ্খলা সৃষ্টির মূল হোতা আবু তাহের বিশ্বাসকে অবিলম্বে গ্রেপ্তার ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়।

আলমডাঙ্গায় স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমানের গণসংযোগ

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের স্বতন্ত্র প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) আসন্ন সংসদ নির্বাচন বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন। তিনি আজ সোমবার বেলা ১২ টার দিকে আলমডাঙ্গায় তার নির্বাচনী কার্যালয়ে এ মতবিনিময় করেন।

মত বিনিময়কালে এমপি প্রার্থী কমান্ডার এম শহীদুর রহমান (পিএসসি,অব.) বলেন,আমি এই আলমডাঙ্গার সন্তান। আমি নেভীতে চাকরী করতাম। জীবনে কোনদিন কোন দুর্নীতি বা অনিয়মের সাথে জড়িত ছিলাম না।
আমি জোর গলায় বলতে পারি। আল্লাহ:র নাম নিয়ে বলছি আমার শরীরে অন্যায়ের উপার্জনের এক বিন্দু রক্তও নেই। কারণ আমি সারা জীবন সমুদ্রে সমুদ্রে কাটিয়েছি। শ্রীলংকা থেকে বম্বে,বম্বে থেকে সৌদী আরব,সৌদী আরব থেকে দুবাই, ইংল্যান্ড,আমেরিকা ঘুরেছি। সেখানে তো কেউ ঘুষ দিতে যায়নি। সে কারণে আমি বলতে পারি, আমার শরীরে কোন অন্যায় উপার্জনের টাকা নেই। আমি এই অবহেলিত আলমডাঙ্গার উন্নয়নের জন্য আসন্ন নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ট্রাক প্রতিকে ভোট কামনা করছি। যদি আমি নির্বাচিত হই,তাহলে অবহেলিত এই আলমডাঙ্গার উন্নয়নে কাজ করবো। আপনারা সৎ এবং যোগ্য প্রার্থী বিবেচনা করে আপনার মূল্যবান ভোটটি দিবেন।

দীর্ঘ ৩৫ বছর আলমডাঙ্গা শোষন নিপীড়নের শিকার। এই শোষন নিপীড়নের জবাব দিতে আলমডাঙ্গা থেকে একজনকে এমপি নির্বাচিত করে আনতেই হবে

আপনাদের।

এর পূর্বে তিনি বিভিন্ন এলাকায় গণ সংযোগ করেন। গণ সংযোগকালে উপস্থিত ছিলেন সাবেক সেনা সদস্য আব্দুল্লাহ, নজরুল ইসলাম,আশরাফুল ইসলাম বকুল,আসিফ আলী, হাসানুজ্জামান,রেহেনা খাতুন,সিদ্দিকা খাতুন,আলমগীর হোসেন,লিটু খন্দকার,রাসেল মুন্সি,রবিউল ইসলাম প্রমুখ।

চুয়াডাঙ্গায় যিশু খ্রিস্টের জন্মদিনে গীর্জা পরিদর্শন

চুয়াডাঙ্গায় যিশু খ্রিস্টের শুভ জন্মদিন ও খ্রিস্টান ধর্মাবলম্বীদের ধর্মীয় উৎসব শুভ বড়দিন উপলক্ষে আজ সোমবার এগারোটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের খেজুরা মিশন পাড়া সেন্ট জেমস চার্জ পরিদর্শন এবং খ্রিস্টান ধর্মাবলীদের সাথে মতবিনিময় ও শুভেচ্ছা বিনিময় করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

এসময় খ্রিস্টান ধর্মাবলম্বীদের সাথে কুশল বিনিময় করেন এবং প্রতিটি গীর্জায় জেলা পুলিশের পক্ষ থেকে পুলিশ সুপার কেক পৌঁছে দেন। বড়দিন উৎসবমুখর পরিবেশে পালনে সকল প্রকার আইনগত সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী, চুয়াডাঙ্গা হিন্দু-বৈদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি ড. মার্টিন হিরোক চৌধুরীসহ গীর্জার পুরোহিত, পালক,সভাপতি ও সাধারণ সম্পাদকগণ।

দর্শনায় হত দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরন

দর্শনায় অসহায় ও দরিদ্র শীর্তাতো মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল রবিবার সকাল ১১টায় আই এফ আইসি ব্যাংকের উদ্যোগে দর্শনা পুরাতন বাজার ব্যাংক কাযার্লয় থেকে অসহায় দরিদ্র মানুষের মাঝে ১০০টি কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আই এফ আইসি ব্যাংকের ম্যানেজার সৌরভ হোসেন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান।

বিশেশ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সভাপতি আওয়াল হোসেন ও দর্শনা থানার এস আই টিপু সুলতান।

এছাড়া আই এফ আইসি ব্যাংকের কর্মকতার্দের মধ্যে উপস্থিত ছিলেন, সেকেন্ড অফিসার প্রদীপ্ত পাল ও টি এস ইলামা মাহজাবীন। কম্বল বিতরণ অনুষ্ঠানে সহযোগিতা করেন আই এফ আইসি ব্যাংকের সকল কর্মকতার্ ও কর্মচারীরা ।

কেরুজ চিনিকলের ট্রাক ড্রাইভার আব্বাস উদ্দিন সাময়িক বরখাস্ত

দর্শনা কেরুজ চিনিকলের পরিবহন বিভাগের ট্যাংকলরী ড্রাইভার আব্বাস উদ্দিনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। নাটোর সুুগার মিল হতে দর্শনা কেরুজ চিনিকলে আনা চিটাগুড়ে পানি মিশ্রিতর অপরাধে তাকে বরখাস্ত করা হয়েছে।

সে কেরুজ চিনিকল পরিবহন বিভাগের ট্যাংকলরী চালক। আজ সোমবার তাকে কেরুজ প্রশাসন বিভাগ বরখাস্ত করে।

দর্শনা কেরুজ চিনিকলের পরিবহন বিভাগের (ঢাকা মেট্রো-ঢ-১১-০৩৬১) নম্বরের একটি ট্রাংকলরী নাটোর চিনিকল হতে চিটাগুড় ভর্তি করে কেরুজ চিনিকলে আনেন। ট্যাংকলরীর ট্যাংকের মধ্যে থাকা চিটাগুড় কেরুজ চিনিকলের হাউজে ঢালার সময় চিটাগুড়ে ভেজাল ও পানিমিশ্রিত সন্দেহ দেখা দেয় কেরুজ কর্মকর্তাদের চোঁখে। এমন সন্দেহে ট্যাংকলরী হতে চিটাগুড় আনলোড বন্ধ করে দেওয়া হয়। গত পরশু রোববার সকালের দিকে কেরুজ চিনিকলের জেনারেল অফিসের সামনের চিটাগুড় রক্ষিত হাউজে এ ঘটনা ঘটে। এরপর থেকে চিটাগুড় সহ ট্রাকটি হাউজের পাশে ট্রাক লোড পয়েন্টের উপর পড়ে থাকে। এ ঘটনায় কেরুজ প্রশাসন বিভাগ ট্রাংকলরী ড্রাইভার আব্বাস উদ্দিনকে বরখাস্ত করা হয়েছে।

কেরুজ চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) ইউছুফ আলী বলেন, চিটাগুড় বহনকারী পরিবহন বিভাগের ট্রাংকলরী চালক আব্বাস উদ্দিনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

এ বিষয়ে পরবর্তীতে তার বিরুদ্ধে নিয়ম অনুযায়ী সকল ব্যাবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গায় নির্বাচনী মিছিল ও পথসভায় এমপি-ছেলুন

চুয়াডাঙ্গা-১ আসনে আওয়ামীলীগের মনোনীত নৌকার প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপির নির্বাচনী মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল ৪ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ থেকে এক নির্বাচনী গণ-মিছিল বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এর আগে-বিকেল ৩ টা থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন, পৌর এলাকার ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ

উপস্থিতে আমার উৎসাহ, উদ্দীপনা বেড়ে গেলো।

নির্বাচনি মিছিল ও পথসভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি প্রশান্ত অধিকারী,সাবেক সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, জেলা জাসদের সভাপতি ও পৌর মেয়র এম.সবেদ আলী, সাবেক নির্বাহী সদস্য শাহ আলম, চুয়াডাঙ্গা সদর পৌর সভাপতি আলাউদ্দিন হেলা, সম্পাদক আব্দুল কাদের।

আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ- সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, ঠান্ডু মিয়া, জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দার, সাবেক হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম নুরু, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, মাসুদ রানা তুহিন, দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, আবু সাইদ পিন্টু, আশাদুল হক মিকা, মুন্সি ইমদাদুল হক, হাসানুজ্জামান সরোয়ার, মোজাহিদুর রহমান জোয়ার্দার লোটাস, এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, তরিকুল ইসলাম, মাহমুদুল হাসান চঞ্চল, সোহানুর রহমান সোহান, বাড়াদী ইউনিয়ন সভাপতি মকবুল হোসেন, জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি দিদার আলী, সম্পাদক রাহাব আলী, কালিদাশপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, জেহালার সভাপতি হাসানুজ্জামান হান্নান, সম্পাদক আব্দুল হান্নান মাষ্টার, আব্দুল মালেক, খাসকররা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাফিজুর রহমান রুন্নু, সম্পাদক বিল্লাল হোসেন, কুমারি ইউনিয়ন সভাপতি ও চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, সম্পাদক আব্দুর রাজ্জাক, বাড়াদীর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেন, সম্পাদক শহিদুল ইসলাম লাল্টু, উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, সদস্য মনিরুজ্জামান হিটু, নেছার আহমেদ প্রিন্স, পৌর যুবলীগের আসাদুল হক ডিটু, যুগ্ম সম্পাদক জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি অনিক জোয়ার্দার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার সামিম, সোহেল রানা শাহিন, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, সাকিব, অটল, রকি, প্রমুখ।

জীবননগরে ড্রাগন ফল নিয়ে অপপ্রচারকারীর বিরুদ্ধে শাস্তির দাবিতে মানববন্ধন

চুয়াডাঙ্গার জীবননগরে ড্রাগন ফল নিয়ে অপপ্রচারকারী ইউটিউবারদের বিরুদ্ধে শাস্তির দাবিতে মানববন্ধন করেছে ড্রাগন ব্যবসায়ী ও চাষীরা। আজ সোমবার সকাল ১০টার সময় জীবননগর বাসস্ট্যান্ডে মুক্তমঞ্চের সামনে এই মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয় হয়।

ক্ষতিকর হরমোন ও বিষ প্রয়োগ করে ড্রাগন ফলের আকার বৃদ্ধির মিথ্যা অপপ্রচারে ধ্বস নেমেছে ড্রাগন ব্যবসায়। চুয়াডাঙ্গাসহ বিভিন্ন অন্ঞ্চলে শত শত কৃষক ফেসবুক ও ইউটিউবে এমন মিথ্যা প্রচারণায় পথে বসেছে। এখন আর কেউ ড্রাগন ফল কিনতে চাচ্ছেন না। এদিকে পুষ্টিকর ড্রাগন ফল নিয়ে ইউটিউবে অপপ্রচারকারীদের শাস্তির দাবিতে চুয়াডাঙ্গার জীবননগর মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।মানববন্ধন কর্মসূচিতে ফেস্টুন, ব্যানার নিয়ে চুয়াডাঙ্গা, মেহেরপুর, ঝিনাইদহ, কুষ্টিয়া ও যশোর জেলার ড্রাগন ব্যবসায়ী ও চাষীরা এ মানববন্ধনে অংশ নেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ‘আমরা মানুষের জন্য এসব ফল উৎপাদন করি। আমরা যেসব ওষুধ ব্যবহার করি, সেটি যদি মানুষের দেহের জন্য ক্ষতিকর হয়, তাহলে কৃষি বিভাগ অথবা স্বাস্থ্য বিভাগ থেকে আমাদের জানাক। কোন ওষুধ আমরা ব্যবহার করব, আমরা সেগুলো ব্যবহার করব। ইউটিউবাররা তো বিশেষজ্ঞ না। তারা কীভাবে বলতে পারে ড্রাগন ফলে যেসব টনিক ব্যবহার করি, সেগুলো দেহের জন্য ক্ষতিকর।’

বক্তারা আরোও বলেন, একটি চক্র ড্রাগন ফলের বাজারে ধ্বস নামাতে ফেসবুক ও ইউটিউবে অপপ্রচার চালাচ্ছে। এই অপপ্রচারের কারণে দেশের ড্রাগন চাষি ও ব্যবসায়ী ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই সাথে দেশের অর্থনীতি ও ক্ষতি হচ্ছে। ড্রাগন ফলে টনিক ব্যবহার নাকি ক্ষতিকর এ অপপ্রচার করছে তারা। যেকারণে বাজারে ড্রাগন ফলের চাহিদা অনেক কমে গেছে। তাই এ অপপ্রচার বন্ধে ব্যবস্থা ও অপপ্রচারকারীদের শনাক্ত

করে আইনের আওতায় আনার দাবি জানান তারা।

জীবননগর উপজেলা বালাইনাশক কমিটির আহ্বায়ক বকুল বলেন, ‘ভারতীয় যে হরমোনের কথা বলা হচ্ছে, আমরা সেই হরমোন বিক্রি করি না। আমরা বাংলাদেশ সরকারি অনুমোদিত হরমোন বিক্রি করি। এতে কোনো ক্ষতিকর উৎপাদক নেই। কিছু ইউটিউবাররা ভারতীয় হরমোনের প্রচার ও অবৈধভাবে বিক্রির জন্য এই কাজ করছে।’

এছাড়াও মানববন্ধনে বক্তব্য দেন জীবননগর ডিগ্রি কলেজের প্রভাষক জসিমউদ্দীন, জীবননগর পৌর যুবলীগের সভাপতি ও ফল চাষী শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু, তরুণ উদ্যোক্তা রুহুল আমিন রিটন, চাষী রমজান,রাজেদুল ইসলাম, আব্দুল আজিজ প্রধান প্রমূখ।